

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mochta.gov.bd

অতি জরুরী

নং- ২৯.০০.০০০০.২১৮.০৫.০১৪.১৬. ২০৮

তারিখ: ০৮/০৭/২০১৭ খ্রি:

বিষয়ঃ এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় ঘাঁথারিক অর্জন (জানুয়ারি'১৭ হতে জুন'১৭) পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালা এর ৪.২ নং অনুসারে প্রতিটি কার্যক্রমের জন্য চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের বিপরীতে প্রকৃত অর্জন প্রাথমিকভাবে দপ্তরসমূহ নির্ণয় করবে এবং নির্ধারিত ছকে একটি মূল্যায়ন প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। প্রাপ্ত মূল্যায়ন প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে যাচাই-বাছাই পূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। এরই ধারাবাহিক অংশ হিসেবে ২০১৬-১৭ অর্থ বছরের বিভিন্ন কর্মকাণ্ডের লক্ষ্যমাত্রা নির্ধারণের বিপরীতে কতটুকু অংশ অর্জিত হয়েছে তার প্রতিবেদন প্রতি ০৩ (তিনি) মাস অন্তর অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৩। এমতাবস্থায়, তার দপ্তর/সংস্থার ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন কর্মকাণ্ডের লক্ষ্যমাত্রা নির্ধারণের বিপরীতে অর্জিত অংশের মূল্যায়ন প্রতিবেদন প্রতি ০৩ (তিনি) মাস অন্তর এ মন্ত্রণালয়ে প্রেরণ এবং গত জানুয়ারি'১৭ হতে জুন'১৭ পর্যন্ত ৬ (ছয়) মাসের অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ছকে এবং এ সংক্রান্ত প্রমাণক তথ্যাদির হার্ডকপি ও সফট কপিসহ (সিডি/পেনড্রাইভে) আগামী ১৩ জুলাই ২০১৭ তারিখের মধ্যে হার্ডকপি ডাকযোগে এবং সফট কপি ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সুবিনয় ভট্টাচার্য)

উপসচিব

ফোনঃ ৯৫৭৬৬৪৩

Email: a.mochta@yahoo.com

কার্যালয়ে বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙামাটি।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙামাটি।
- ৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুর্ববাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাঙ্কফোর্স, খাগড়াছড়ি।
- ৫। সহকারী প্রোগ্রামার/আইসিটি স্পেশালিস্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে হালনাগাদসহ সংস্থাগুলোতে ই-মেইল করার অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।